দৈনিক ইত্তেফাক 21

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# ইডেন কলেজে সংঘর্ষ ॥ ৬ ছাত্রী আহত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) ইডেন মহিলা কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের (ম-ই) কর্মীদের মধ্যে সংঘর্ষে ৬ জন ছাত্রী আহত হয়। আহত খালেদা আক্তার ও সবিতা কর্মকার নাম্নী ছাত্রলীগের দুইজন নেত্রীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। একটি সূত্র জানায়, ছাত্রদল ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে রেষারেষির কারণে ছাত্রলীগের কয়েকজন নেত্রী দীর্ঘদিন যাবৎ কলেজের হোস্টেল ছাড়িয়া বাহিরে অবস্থান করিতেছে। গতকাল তাহারা

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



ইডেন কলেজে আহত সবিতা কর্মকার —ইত্তেফাক

## ইডেন কলেজ

(প্রথম পৃঃ পর)

কলেজ প্রিন্সিপালের সহিত সাক্ষাৎ করিতে যায়। সাক্ষাৎ শেষে তাহারা যখন কলেজ হইতে বাহির হইতেছিল তখন ছাত্রদলের একদল কর্মীর সহিত তাহাদের কথা কাটাকাটি হয়। উভয়পক্ষ মারমুখী হইয়া উঠে এবং পরস্পরকে উদ্দেশ্য করিয়া আপত্তিকর ভাষায় গালাগাল করিতে থাকে। এক পর্যায়ে উভয়পক্ষের হাতাহাতি, চুলাচুলি পর্যায়ে রূপ নেয়। কলেজ ক্যাম্পাসে সাধারণ ছাত্রীদের মধ্যে আতংক দেখা দেয়। অনেকে দৌড়াদৌড়ি শুরু করিয়া দেয়। সংঘর্ষে গুরুতর আহত সবিতা ও খালেদাকে হাসপাতালে নেওয়ার পর পরিস্থিতি শান্ত হয়। কিছু পরে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়।

ইডেন কলেজ ছাত্রী সংসদের ভিপি হেলেন জেরীন খান, জি, এস সাইমুন বেগম গতকাল এক বিবৃতিতে কলেজ ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া বলিয়াছেন, তথাকথিত ঘাতক দালাল নির্মূল কমিটির কয়েকজন সদস্য বহিরাগতদের সাথে নিয়া গতকাল কলেজে প্রবেশ করে। কলেজের অধ্যক্ষার সহিত আলাপ করিয়া ফিরিয়া যাওয়ার সময় তাহারা ছাত্রদলের মেয়েদের সহিত বচসায় লিপ্ত হয়। বিবৃতিতে কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার আহ্বান জানান হয়।

ছাত্রলীগ (ম-ই) মহানগর দক্ষিণ শাখার সভাপতি শফিকুল আলম শফিক ও সাধারণ সম্পাদক আখতার হোসেন গতকাল এক বিবৃতিতে বলিয়াছেন, গতকাল দুপুরে ক্লাস শেষ করিয়া ছাত্রলীগের কর্মীরা যখন রাজনৈতিক আলাপ আলোচনা করিতেছিল তখন কলেজের ভিপির নেতৃত্বে একদল ছাত্রী তাহাদের উপর হামলা চালায়। বিবৃতিতে অবিলম্বে এই ঘটনার বিচার দাবী করা হয়।